

[telegra.ph](https://telegra.ph)

## Two posts by Ustad Ahmad Nabeel Hafizahullah<br/><br/>

2 - 3 minutes

August 31, 2024

### Two posts by Ustad Ahmad Nabeel Hafizahullah

উস্তাদ আহমাদ নাবিল হাফিজাহুল্লাহর দুটি পোস্ট

শরীয়তের মুহকাম (দ্যখহীন) বিধান গোপন করার নাম হিকমত নয়। এর নাম 'কিতমান'। যার পরিণাম হচ্ছে- রবের পক্ষ থেকে মাল'উন "উপাধি" অর্জন। কিতমানকারীদের উপর লা'নত করেন আল্লাহ্\* সুবহানাহু ওয়া তায়ালা, সাথে সাথে তাঁর সম্মানিত ফেরেস্তাগন ও মুমিন বান্দাগণ।

পার্শ্ব স্বার্থ রক্ষা অথবা নিজের মতকে প্রতিষ্ঠার জন্য মুহকাম (দ্যখহীন) বিধানের অপব্যখ্যার নাম হিকমত নয়। এর নাম তাহরীফ। আর তাহরীফ, কিতমানের চেয়েও জঘন্য, ইয়াহুদ উলামাদের একটা অন্যতম বৈশিষ্ট। যা কখনো কখনো কুফর পর্যন্ত পৌঁছায়।

তাহলে হিকমত কি?

-হিকমত হচ্ছে কুরআন-সুন্নাহের সঠিক ইলেম ও ফাহাম (জ্ঞান ও বুঝ) ও তার সঠিক প্রয়োগের নাম।

কিন্তু আফসোস! শত আফসোস!

কিতমান ও তাহরীফকেই সমাজে ইলেম ও হিকমতের চাদর পরানো হয়েছে।

**#জিহাদ\_করবে\_না! #সদাকা\_দেবে\_না!**

**#কিভাবে\_জান্নাতে\_প্রবেশ\_করবে?!!**

এক ব্যক্তি এলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে বায়াত নেবেন। তিনি বায়াতের জন্য শর্ত দিলেন- সাক্ষ্য দিতে হবে, আল্লাহ্\* তায়ালা ছাড়া কোন ইলাহ নেই, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহ্\* তায়ালা বান্দা ও রাসূল। সালাত ও যাকাত আদায় করতে হবে। হজ্জ পালন করতে হবে, রোজা রাখতে হবে। আল্লাহ্\* তায়ালা পথে জিহাদ করতে হবে।

সাহবী জানালেন, জিহাদ ও সদাকার ব্যাপারে বায়াত নিতে পারবেন না। জিহাদ করবেন না কারণ, ঈমান দুর্বল, জিহাদে যেয়ে মৃত্যুর ভয়ে যদি পলায়ন করেন তাহলে তো আল্লাহ্\* তায়ালা ত্রোধানের মাঝে

পরবেন। আর সদাকাহ করতে পারবেন না, কারণ সম্পদ স্বল্প।

ওজর শুনে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার হাত ধরলেন। বাঁকি দিয়ে বললেনঃ

«لا جهاد ولا صدقة!! فبم تدخل الجنة؟»

জিহাদও করবে না! সদাকাও দেবে না! তাহলে কিভাবে তুমি জান্নাতে প্রবেশ করবে?!!

অতঃপর সাহাবী সকল বিষয়ের উপর বায়াত প্রদান করলেন।

(আল-মুসতাদরাক আলাস-সহীহাইন। সনদ-ইমাম যাহাবী রহঃ সহীহ বলেছেন)